

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.০০৪.০৪.০০৪১.২২.

৭২৬-৬/৩

অফিস আদেশ

তারিখ: ২৫ বৈশাখ ১৪৩৩
২৬ এপ্রিল ২০২৬

যেহেতু জনাব সহিদুল ইসলাম, পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, গাজীপুর এর বিরুদ্ধে যথাক্রমে: (১) যথাযথ কর্তৃপক্ষকে অবহিত না করে বিজ্ঞ আদালতের সিদ্ধান্ত মোতাবেক উপজেলা সমবায় অফিসার পদে পদোন্নতি প্রদানপূর্বক পদায়নের জন্য সরাসরি সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ বরাবরে স্বব্যখ্যাত আবেদন দাখিল করেন; (২) তিনি বিধিবহিঁতভাবে পদোন্নতি পাওয়ার নিমিত্তে প্রশাসনিক ট্রাইবুনালে এ.টি মামলা নং- ১৬৯/২০২২ (নতুন) ৮০/২০২২ (পুরাতন) দায়ের করলে বিজ্ঞ আদালত নিম্নোক্ত অন্তর্বর্তী আদেশ প্রদান করেন- "Accordingly, the opposite parties are directed to preserve 3 (three) post of Upazila Co-operative Officer for the petitioners in the next occasion of promotion on the basis of the impugned gradation list till disposal of this petition"; (৩) বিগত ১৮.০৫.২০২২ তারিখের বিজ্ঞ আদালতের নির্দেশনা অনুযায়ী উপজেলা সমবায় অফিসারের ০৩টি পদ সংরক্ষণ রাখা হবে মর্মে বিজ্ঞ আদালতকে অবহিত করার জন্য সমবায় অধিদপ্তরের প্যানেল আইনজীবীর নিকট পত্র প্রেরণ করা হয়; (৪) সমবায় অধিদপ্তরের স্মারক নং- ৪৭.৬১.০০০০.০০৪.০১২.২৮/৯৭জি (পাট VIII)-৬০৯-এ/ও, তারিখ: ২৯.০৬.২০২২ মূলে জারিকৃত উপজেলা সমবায় অফিসার পদে পদোন্নতির সুপারিশ সংক্রান্ত পত্রটি স্থগিত করার জন্য তিনি ৮০/২০২২ নং এ.টি মামলায় আবেদন করেছেন এবং বিজ্ঞ আদালত বিগত ২৫.০৭.২০২২ তারিখে তার আবেদন খারিজ করে দেন; (৫) বিজ্ঞ আদালত কর্তৃক তার আবেদন বিগত ২৫/০৭/২০২২ তারিখে খারিজ হওয়া সত্ত্বেও বিজ্ঞ আদালতের রায়কে অপব্যখ্যা করে তিনি সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ বরাবরে মিথ্যা তথ্য উপস্থাপন করে উর্ধ্বতন কর্তৃপক্ষকে বিভ্রান্ত করেছেন; (৬) এ.টি মামলা নং- ১৬৯/২০২২ (নতুন) ৮০/২০২২ (পুরাতন) এর ০৭.১১.২০২৩ তারিখের ২৮ নং আদেশ পর্যালোচনায় দেখা যায় তিনি প্রতারণার আশ্রয় গ্রহণ করেছেন; (৭) তার কর্তৃক বিজ্ঞ আদালতে উপস্থাপিত বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, সচিবালয়, ঢাকা এর বিগত ২৫.০৯.২০২৩ তারিখের ইস্যুকৃত ৮০.০০.০০০০.১০১.১২.০০৮.২৩-৩০৪ নং স্মারক পত্রটি (কর্তৃপক্ষের স্বাক্ষর বিহীন) অস্থিবিহীন পত্র হিসেবে বিজ্ঞ আদালতে প্রমাণিত হয়েছে অর্থাৎ তিনি জাল ও জালিয়াতি করেছেন, সে কারণে সমবায় অধিদপ্তরের স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০৪২.২২.২২৩-এ/ও, তারিখ: ২৫.০২.২০২৪ মূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে ১২/২৩-২৪ নম্বর বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মচারী জনাব সহিদুল ইসলাম বিগত ০৬.০৩.২০২৪ তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং লিখিত জবাবে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষন করেন, সে পরিপ্রেক্ষিতে বিগত ০৯.০৬.২০২৪ তারিখ ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু তাঁর লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত জবাব সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য সমবায় অধিদপ্তরের স্মারক নং- ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০৪১.২২.৩৪৯(৬)-এ/ও, তারিখ: ২৪.০২.২০২৫ মূলে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্ত প্রতিবেদন মোতাবেক তাঁর বিরুদ্ধে আনীত ০৭ টি অভিযোগের মধ্যে ০৪ অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু সমবায় অধিদপ্তরের স্মারক নং- ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০৪১.২২.১৮০২(৪)-এ/ও, তারিখ: ২৯.১২.২০২৫ মূলে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করা হলে তিনি ০৭.০১.২০২৬ তারিখ ২য় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন, যা সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়নি;

যেহেতু অভিযোগনামা, অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মচারীর জবাব, তদন্ত প্রতিবেদন এবং ২য় কারণ দর্শানোর জবাব পর্যালোচনায় জনাব সহিদুল ইসলাম এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মতে 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনায় একই বিধিমালার ৪(২) বিধি অনুসরণে লুঘুদণ্ড প্রদান করা সমীচীন বলে প্রতীয়মান হয়;

সেহেতু জনাব সহিদুল ইসলাম, পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, গাজীপুর-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২) (খ) উপবিধি মোতাবেক ০২ (দুই)টি বার্ষিক বর্ধিত বেতন দুই বছরের জন্য স্থগিত রাখার আদেশ প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ সেলিম ফারুক, এনটিসি
নিবন্ধক ও মহাপরিচালক
ফোনঃ ৪৮১১৯৩০৫

নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.০০৪.০৪.০০৪১.২২. ৭২৬/১(৭)-৬/৩

তারিখ: ২০ বৈশাখ ১৪৩৩
২৬ এপ্রিল ২০২৬

অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) -

- ১। যুগ্ম নিবন্ধক বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা।
- ২। জেলা সমবায় অফিসার, গাজীপুর।
- ৩। ডিস্ট্রিক্ট একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, গাজীপুর।
- ৪। সহকারী নিবন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন), সমবায় অধিদপ্তর, ঢাকা।
- ৫। সহকারী প্রোগ্রামার (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে জারিকৃত আদেশ সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৬। জনাব সহিদুল ইসলাম, পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, গাজীপুর।
- ৭। সংশ্লিষ্ট নথি।

(মোঃ সেলিম ফারুক, এমডিএস)
নিবন্ধক ও মহাপরিচালক
ফোনঃ ৪৮১১৯৩০৫